দৈনিক বাংলা

তারিখ 13 JAN 1991
পৃষ্ঠা 9 কলাম 6

23

### ফেনীতে বহু ছাত্রের ভবিষ্যত অনিশ্চিত

# উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফিস নির্ধারিত হারের তিনগুণ বেশী দাবী

।। নিজস্ব সংবাদদাতা ।।

ফেনী, ১২ই জানুয়ারী।- ফেনী জেলার বিভিন্ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার ফি বাবদ মোটা অঙ্ক দাবী করার অভিযোগ পাওয়া যাচ্ছে। মোটা অঙ্কের দাবী মিটাতে অপারগ অনেক গরীব ও মেধাবী ছাত্র–চাত্রী ফরম পূরণ করতে পারছেনা।

ফেনী জেলায় সরকারী ও বেসরকারী বিদ্যালয়ের সংখ্যা ১০২টি। এসব স্কুল থেকে প্রায় ৮ হাজার ছাত্র-ছাত্রী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে। বোর্ড কর্তৃপক্ষ চলতি মাসের মধ্যে ফরম পূরণের শেষসীমা নির্ধারণ করে দিয়েছে।

এদিকে স্কুল কর্তৃপক্ষ মাত্রাতিরিক্ত টাকা ধার্য করায় ছাত্র-ছাত্রীরা বিপাকে পড়েছে। বোর্ড কর্তৃপক্ষ নির্ধারিত ফি হচ্ছে ২৯৫ টাকা। সাধারণত স্কুল কর্তৃপক্ষ ছাত্র–ছাত্রীদের কাছ থেকে ৬ মাসের বেতন ও স্কুলের জন্য ১০০ টাকা উন্নয়ন ফি গ্রহণ করে থাকে। সে হিসাবে ফি সর্বোচ্চ দাঁড়ায় প্রায় ৭ শত টাকা। কিন্তু স্কুল কর্তৃপক্ষ ১৩শ' থেকে ২ হাজার টাকা পর্যন্ত দাবী করছে। যে সব ছাত্র-ছাত্রী ২/১ বিষয়ে অকৃতকার্য হয়েছে তাদের কাছে আরো বেশী টাকা দাবী করছে বলে অভিভাবকদের অভিযোগ। অভিভাবকরা আরো অভিযোগ করেছে কর্তৃপক্ষ অতিরিক্ত টাকার কোন রসিদ দিচ্ছেনা।

সম্প্রতি বোর্ড কর্তৃপক্ষ নির্দেশ দিয়েছে স্কুল পরীক্ষায় যে সব ছাত্র-ছাত্রী অকৃতকার্য হবে তাদেরকে যেন এসএসসি পরীক্ষার জন্য নির্বাচন না করা হয়। এ জন্য ফরম পূরণের সাথে টেষ্ট পরীক্ষার রেজাল্ট বোর্ডে পাঠাতে হয়। অনেক স্কুল কর্তৃপক্ষ মোটা অঙ্কের টাকার বিনিময়ে ভুয়া রেজাল্ট শিট পাঠাচ্ছেন বলে অভিযোগ পাওয়া যাচ্ছে।